দৈনিক ইনকিলাব

২/৭/২০০৩

তারিখ ...
পৃষ্ঠা ২ কলাম ৩......

# শিক্ষক কর্মচারী কল্যাণ ট্রাস্টের অবৈধ কমিটি বাতিল করুন

## –শিক্ষক কর্মচারী ঐক্যজোট

**প্রেস বিজ্ঞপ্তি ঃ** শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের প্রধান সমন্বয়কারী অধ্যাপক এম শরীফুল ইসলাম, সমন্বয়কারী মোঃ সেলিম ভূঁইয়া, জোটভুক্ত বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি কাজী আঃ রাজ্জাক, কেন্দ্রীয় নেতা মোঃ বজলুর রহমান মিয়া, মোঃ মাহবুবুর রহমান মোল্লা, মোঃ ইব্রাহীম, মোঃ জাকির হোসেন, মোঃ নূরুল হক আকন, বাংলাদেশ জমিয়াতুল মোদার্রেসীনের মহাসচিব মাওলানা এমএ লতিফ, কেন্দ্রীয় নেতা মাওলানা ইউনুস প্রমুখ এক যুক্ত বিবৃতিতে বেসরকারী শিক্ষক-কর্মচারী কল্যাণ ট্রাস্টের অবৈধ কমিটি বাতিলের দাবী জানিয়েছেন।

নেতৃবৃন্দ বলেন, বেসরকারী শিক্ষক-কর্মচারী কল্যাণ ট্রাস্ট সম্পর্কে বিভিন্ন জাতীয় দৈনিক সংবাদপত্রে শিক্ষক স্বার্থবিরোধী কার্যকলাপে জড়িত কিছু সুবিধাভোগী শিক্ষক/অশিক্ষক নেতাদের বিবৃতি আমরা লক্ষ্য করেছি। কল্যাণ ট্রাস্টে সাধারণ শিক্ষক-কর্মচারীদের বেতনের সরকারী অংশের টাকা কর্তন করে ফান্ড গঠন করা হয়েছে। এ টাকা কারও পৈতৃক সম্পত্তি নয় যে, কোন নেতা তার ইচ্ছা অনুযায়ী টাকা বন্টন করবেন। সবকিছুই নিয়মের মধ্যে হতে হবে। প্রায় ১৯ হাজার শিক্ষকের সিরিয়াল ভঙ্গ করে যশোরের কেশবপুরের সাবেক শিক্ষামন্ত্রীর এলাকার ৪৯ জন শিক্ষককে কল্যাণ ট্রাস্টের সুবিধা প্রদান করা হয়েছে।